# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৬৫৯

১৮. রোযা (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৫. রোযায় রুগ্ন ব্যক্তির করণীয়

بَاب مَا يَفْعَلُ الْمَرِيضُ فِي صِيَامِهِ

আরবী

قَالَ يَحْيَى سَمِعْت سَمِعْت مَالِك يَقُولُ الْأَمْرُ الَّذِي سَمِعْتُ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنَّ الْمَرِيضَ إِذَا أَصَابَهُ الْمَرَضُ الَّذِي يَشُقُّ عَلَيْهِ الصِّيَامُ مَعَهُ وَيُتْعِبُهُ وَيَبْلُغُ ذَلِكَ مِنْهُ فَإِنَّ لَهُ أَنْ يُفْطِرَ وَكَذَلِكَ الْمَرِيضُ الَّذِي اشْتَدَّ عَلَيْهِ الْقِيَامُ فِي الصَّلَاةِ وَبَلَغَ مِنْهُ وَمَا اللَّهُ أَعْلَمُ بِعُذْرِ ذَلِكَ مِنْ الْعَبْدِ وَمِنْ ذَلِكَ مَا لَا تَبْلُغُ صِفَتُهُ فَإِذَا بَلَغَ ذَلِكَ صَلَّى وَهُوَ جَالِسٌ وَدِينُ اللَّهِ يُسْرٌ وَقَدْ أَرْخَصَ اللَّهُ لِلْمُسَافِرِ فِي الْفِطْرِ فِي السَّفَرِ وَهُوَ أَقْوَى عَلَى الصِّيَامِ مِنْ الْمَرِيضِ قَالَ اللَّهُ تَعَالَى فِي كِتَابِهِ فَمَنْ كَانَ مِنْكُمْ مَرِيضًا أَوْ عَلَى سَفَرٍ فَعِدَّةٌ مِنْ أَيَّامٍ أُخَرَ فَأَرْخَصَ اللَّهُ لِلْمُسَافِرِ فِي الْفِطْرِ فِي السَّفَرِ وَهُوَ أَقْوَى عَلَى الصَّوْمِ مِنْ الْمَرِيضِ فَهَذَا أَحَبُّ مَا سَمِعْتُ إِلَيَّ وَهُوَ الْأَمْرُ الْمُجْتَمَعُ عَلَيْهِ

বাংলা

রেওয়ায়ত ৪১. ইয়াহইয়া (রহঃ) বলেনঃ আমি মালিক (রহঃ)-কে বলিতে শুনিয়াছি, আমি আহলে ইলম-এর কাছে যাহা শুনিয়াছি তাহা হইতেছে এই, পীড়িত ব্যক্তির যদি এমন রোগ হয় যাহাতে রোযা রাখা তাহার জন্য দুষ্কর এবং কষ্টদায়ক হয়, যখন রোগ এই স্তরে পৌছে তখন তাহার জন্য রোযা ইফতার (রাখিয়া ভাঙিয়া ফেলা বা শুরুতেই না রাখা) করা জায়েয আছে। তদ্রুপ পীড়িত ব্যক্তির যদি নামাযে দাঁড়াইতে মুশকিল হয় অর্থাৎ পীড়ার কারণে তাহার ওযর (অপারগতা) সেই দরজায় পৌছায়, আল্লাহ্ তা'আলা বান্দার ওযর সম্পর্কে বান্দা অপেক্ষা অধিক জ্ঞাত। আবার কোন কোন রোগ সেই দরজার হয় না, যখন ওযর এই স্তরে পৌছে, তখন সে বসিয়া নামায পড়িবে। আর আল্লাহর দীন সহজ। তিনি মুসাফিরের জন্য সফরে রোযা ভাঙার অনুমতি দিয়াছেন। অথচ মুসাফির পীড়িত ব্যক্তির তুলনায় রোযা রাখতে অধিক সক্ষম।

আল্লাহ্ তা'আলা কিতাবে বলিয়াছেনঃ তোমাদের মধ্যে যে ব্যক্তি রুগ্ন থাকে অথবা সফরে থাকে, সে অন্যদিন রোযা করিবে। আল্লাহ্ তা'আলা (এই আয়াতে) মুসাফিরের জন্য সফরে রোযা না রাখার অনুমতি দিয়াছেন। অথচ সে রোযার উপর পীড়িতের তুলনায় অধিক শক্তিশালী। এই ব্যাপারে যাহা শুনিয়াছি তন্মধ্যে ইহাই আমার নিকট

পছন্দনীয়। আমাদের নিকট ইহাই ঐকমত্যে গৃহীত।

## English

Yahya said that he heard Malik say, "What I have heard from the people of knowledge is that if a man succumbs to an illness which makes fasting very difficult for him and exhausts him and wears him out, he can break his fast. This is the same as with a sick man in the prayer, who finds standing to be too difficult and exhausting, (and Allah knows better than the slave that it is an excuse for him and that it really cannot be described). If the man is in such a condition he prays sitting, and the deen of Allah is ease.

Allah has permitted a traveller to break the fast when travelling, and he has more strength for fasting than a sick man. Allah, the Exalted, says in His book, 'Whoever among you is ill or on a journey (must fast) a number of other days,' and Allah has thus permitted a traveller to break his fast when on a journey, and he is more capable of fasting than a sick man.

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইয়াহইয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73554

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন